# কুরআনের অর্থ বুঝার সহজ অভিধান

বিভাগ/অধ্যায়ঃ لام (লাম) [৫৮]

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

---

لام (লাম) - ১

لِ، لَ এর, জন্য, কারণ, হেতু, নিমিত্ত, কসম, শপথ, অবশ্যই, নিশ্চয়ই, নিঃসন্দেহে, নিশ্চিত, অবধারিত, যেন, যাতে, কখনও ২:৭

لَا না, নয়, নই, নহে, নৈবচ, কখনও না ১:৭

أَلَا জেনে রেখো, শুনে রাখ, শোন, সাবধান, খবরদার ২:১২

فَلَا তবে নয়, সুতরাং নয় ২:৩৮

أَفَلَا তারপরেও কি... নয়? তবুও কি... নয়? ২:৪৪

أَوَلَا তাহলে কি... নয়? তবে কি ... নয়? ২:৭৭

لَاتَ নেই, ছিল না ৩৮:৩

لُؤْلُؤٌ و لُؤْلُؤَةٌ <لألأ মুক্তা, মণি, মাণিক্য, মানিক, মোতি, রত্ন, হীরা, হীরক, জহরত ৫২:২৪

لُبٌّ ج الأَلْبَابُ <لبب জ্ঞান, বুদ্ধি, মতি ৩:৭

أُولِى الأَلْبَاب জ্ঞানী, বুদ্ধিমান, মতিবান, ধীমান, মতিমন্ত, প্রজ্ঞাবান ৩:৭

لَبِثَ، تَلَبَّثَ <لبث থামা, থেমে থাকা, দেরি করা, থাকা, অবস্থান করা, বাস করা, অপেক্ষা করা, বিলম্ব করা ৩৩:১৪

لَابِثٌ অবস্থানকারী, বাসিন্দা, বাসকারী, অধিবাসী ৭৮:২৩

لُبَدٌ، لِبَدٌ و لُبْدَةٌ <لبد অনেক, অপরিমেয়, পর্যাপ্ত, সম্পূর্ণ, সমস্ত, পুরো, পুরোপুরি, সকল ৯০:৬

لَبَسَ [ض]، لَبْسٌ <لبس সন্দেহ করা, সংশয় করা, মিলানো, মিশানো, মিলিয়ে ফেলা, গুলিয়ে ফেলা, মিশ্রিত করা, একাকার করা, গরমিল করা, গোঁজামিল দেওয়া, ভুলসিদ্ধান্ত নেওয়া, তালগোল পাকানো, অন্ধকারে থাকা, ঢাকা পড়ে থাকা ৬:৯

لَبِسَ [س] পরিধান করা, পরা, গায়ে দেওয়া ১৬:১৪

لِبَاسٌ جل أَلْبِسَةٌ লিবাস, পোশাক, পরিচ্ছদ, পরিধেয়, বস্ত্র, আভরণ, আবরণ, কাপড় ২:১৮৭

لَبُوسٌ লৌহবর্ম, রণবস্ত্র, বর্ম, লিবাস, পোশাক ২১:৮০

لَبَنٌ جل أَلْبَانٌ <لبن দুধ, দুগ্ধ ৪৭:১৫

لجأ< مَلْجَأٌ আশ্রয়স্থল, পানাহ, আশ্রয়কেন্দ্র, আশ্রম, অবলম্বন ৯:৫৭

لجج< لَجَّ গভীর হওয়া, ডুবে থাকা, মত্ত থাকা, তলিয়ে যাওয়া, অটল থাকা, অনড় থাকা, জিদ করা ২৩:৭৫

لُجَّةٌ جل لُجَجٌ؛ لُجِّيٌّ গভীর জলাশয়, অতল দরিয়া, অথৈ সাগর ২৭:৪৪

لحد< أَلْحَدَ، إِلْحَادٌ সত্যচ্যুত হওয়া, বিচ্যুত হওয়া, বিপথগামী হওয়া, পথ পরিবর্তন করা, বাঁকাপথ ধরা, বক্রপথে চলা, পথভ্রষ্ট হওয়া, অপব্যাখ্যা করা, ধাবিত হওয়া, আকৃষ্ট হওয়া ২২:২৫

مُلْتَحَدٌ কাঙ্ক্ষিক্ষত, আশ্রয়, পানাহ, আশ্রম ১৮:২৭

لحف< إِلْحَافٌ দুর্বলতা প্রকাশ করে সাহায্য চাওয়া, কাকুতি মিনতি করা, অনুনয় বিনয় করা, যাচনা করা, আর্জি করা ২:২৭৩

لحق< [س] لَحِقَ সম্পৃক্ত হওয়া, মিলিত হওয়া, যোগ দেওয়া ৬২:৩

أَلْحَقَ সম্পৃক্ত করা, মিলিত করা, মিলন ঘটানো, অন্তর্ভূক্ত করা ৫২:২১

لحم< لَحْمٌ ج لُحُومٌ মাংস, মাংস ২২:৩৭

لحن< لَحْنٌ جل أَلْحَانٌ، لُحُوْنٌ কণ্ঠস্বর, ভঙ্গিমা, বাচনভঙ্গি, সুর ৪৭:৩০

لحي< لِحْيَةٌ جل لُحًى দাড়ি, শ্মশ্রু ২০:৯৪

لدد< أَلَدُّ ج لُدٌّ অতি ঝগড়াটে, কলহপ্রিয়, বিবাদকারী, কুটিল, কলহপরায়ণ, বিসংবাদী ২:২০৪

لدن< لَدُنْ নিকট, পক্ষ, সান্নিধ্য, সন্নিধান, কাছে, সমীপে ১১:১

لدي< لَدَى নিকট, কাছে, সমীপে, সকাশে, সান্নিধ্য ৩:৪৪

لذذ< [س] لَذَّ সুস্বাদু ও মজাদার ভাবা, তৃপ্তিকর ভাবা, তৃপ্তিদায়ক হওয়া ৪৩:৭১

لَذَّةٌ جل لَذَّاتٌ মজাদার, রুচিকর, সুস্বাদু, সুপেয়, রুচিকর, মুখরোচক ৩৭:৪৬

لزب< لَازِبٌ ص আঠালি মাটি, ঠনঠনে, চটচটে, শক্ত ৩৭:১১

لزم< أَلْزَمَ আবশ্যিক করা, বাধ্যতামূলক করা, অবশ্যম্ভাবী করা, অবশ্যকর্তব্য করা, অপরিহার্যকর্তব্য করা, লাগিয়ে রাখা, অনিবার্য করা, অবিচ্ছেদ্য করা ১৭:১৩

لِزَامٌ ص আবশ্যিক, অবশ্যম্ভাবী, অবিচ্ছেদ্য, অনিবার্য শাস্তি ২৫:৭৭

لسن< لِسَانٌ ج أَلْسِنَةٌ জিব্বা, জিহ্বা, রসনা, ভাষা, বাকশক্তি, কথা, মুখপাত্র, ভাষাগত ১৬:৬২

لطف< تَلَطَّفَ কোমল আচরণ করা, কোমলতা প্রদর্শন করা, সহানুভূতি দেওয়া, দয়া করা ১৮:১৯

لَطِيفٌ جل لُطَفَاءُ কোমল, স্নেহশীল, দয়ালু, সহানুভূতিশীল, নমনীয়, সূক্ষ্মদর্শী ৬:১০৩

لظي< تَلَظَّى দাউ দাউ করে জ্বলা, প্রজ্বলিত হওয়া, লেলিহান হওয়া, গনগনে হওয়া, শিখায়িত হওয়া, শিখা লকলক করা, দহনশীল হওয়া ৯২:১৪

لَظَى مص লেলিহান শিখা, জ্বলন্ত আগুন, অগ্নিশিখা, লেলিহান অগ্নি, গনগনে আগুন, জাহান্নামের আগুন ৭০:১৫

لعب> لَعِبٌ، لَعِبَ [س] খেলা, খেলা করা, , তামাশা করা, কৌতুক করা ৬:৯১

لَعِبٌ مص খেলাধুলা, তামাশা, ক্রীড়ানক, খেলনা, পুতুল, খেলাঘর ৬:৩২

لاَعِبٌ খেলোয়াড়, তামাশারত, খেলাবস্থায়, খেলোয়াড়বেশে, ক্রীড়ারত, ক্রীড়াবিদ ২১:২

لعل> لَعَلَّ আশা করা যায়, সম্ভবত, হয়তো, হয়তোবা, হতে পারে, যাতে, যেন, অবশ্য, অবশ্যই, নিশ্চয়ই, নিঃসন্দেহে ২:২১

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=10268

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন